

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫০১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫২. প্রথম অনুচ্ছেদ - বৃষ্টির জন্য সালাত

بَابُ الْإِسْتِسْقَاءِ

### আরবী

وَعَن أنس قَالَ: أَصَابَنَا وَنَحْنُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَطَرٌ قَالَ: فَحَسَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَوْبَهُ حَتَّى أَصَابَهُ مِنَ الْمَطَرِ فَقُلْنَا: يَا رَسُولَ اللَّهِ لِمَ صَنَعْتَ هَذَا؟ قَالَ: ﴿ لِأَنَّهُ حَدِيثُ عَهْدٍ بربه » . رَوَاهُ مُسلم

#### বাংলা

১৫০১-[৫] আনাস (রাঃ) হতে বর্ণত। তিনি বলেন, একবার আমরা রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলাম। তখন আমাদের উপর বৃষ্টি বর্ষিত হতে লাগল। আনাস (রাঃ) বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন তাঁর গায়ে বৃষ্টি পড়ার জন্য নিজের গায়ের কাপড় খুলে ফেললেন। আমরা জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রসূল! আপনি এরূপ করলেন কেন? রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এ সদ্য বর্ষিত পানি তাঁর রবের নিকট হতে আসলো তাই। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৮৯৮, আবূ দাউদ ৫১০০, আহমাদ ১২৩৬৫, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬৪৫৬, ইরওয়া ৬৭৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস প্রমাণ করে যে, বৃষ্টির প্রথম সময়ে নিজের শরীরকে উন্মুক্ত রাখা (কাপড় হতে) যাতে করে শরীরে বৃষ্টি পৌঁছা এমনটি করা মুস্তাহাব। মাজহার বলেন, এখানে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উম্মাতকে তাঁর শিক্ষা দেন তারা যে, নিকটবর্তী ও উৎসাহী হয় যেখানে বারাকাত ও কল্যাণ রয়েছে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন